তরুণ প্রযুক্তিবিদদের মেলা জমেছিল নটরডেমে

তারুণ্যের উৎসব জমে উঠেছিল নটরডেম কলেজ প্রাঙ্গণে। কলেজের কম্পিউটার শিক্ষা অনুষদের আয়োজনে গত ১, ২ ও ৩ আগষ্ট অনুষ্ঠিত হলো আইটি উৎসব ২০০২। নটরডেম কলেজসহ দেশের শীর্ষস্থানীয় ১৩টি কলেজের শতাধিক শিক্ষার্থীকে নিয়ে তিন দিনব্যাপী চলেছিল তারুণ্যের এই মিলনমেলা। সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল না এই উৎসব। তারপরও উল্লেখযোগ্য সংখ্যক আগ্রহী শিক্ষার্থীদের ভিড় জমেছিল কলেজ প্রাঙ্গণে। ১ আগষ্ট আইটি উৎসবের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মোঃ কায়কোবাদ ও মুস্তাক আহমেদ এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি আর আই শরীফ। উদ্বোধনী দিনে উৎসবের একমাত্র সেমিনার Current IT prospect and HSC Computer Studies Syllabus অনুষ্ঠিত হয়। উৎসবের দ্বিতীয় দিনে সকালে অনুষ্ঠিত হয় উৎসবের সবচেয়ে চিত্তাকর্ষক অংশ প্রোগ্রামিং প্রতিযোগিতা।

আইটি উৎসব ২০০২

নটরডেম কলেজে আয়োজিত ৩ দিনব্যাপী আইটি উৎসবের বিভিন্ন ইভেন্ট –ছবি ঃ জাহাঙ্গীর আলম জুয়েল

প্রোগ্রামিং প্রতিযোগিতায় ১৩টি কলেজের মোট ১৬টি দল অংশগ্রহণ করে। প্রতিটি দলে প্রতিযোগী সংখ্যা ছিল ৩ জন। সমাধানের জন্য প্রতিযোগীরা কিউবেসিক ও সি ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে।

প্রোগ্রামিং প্রতিযোগিতার প্রধান বিচারক ড. মোহাম্মদ কায়কোবাদের সাথে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন তিন তরুণ প্রোগ্রামার

৮টি সমস্যার মধ্যে ৬টির সমাধান করে নটরডেম কলেজের মানজুর রহমান খান, তানভীর আল আমিন ও রাইয়ান কামালের টিম-২ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে নটরডেম কলেজের আশিকুর রহমান, মুস্তাক তানভীর ও হাসান ও মোঃ রাইয়ান খানের টিম ৫ এবং রাইফেলস পাবলিক কলেজের খায়রুল আনাম সিমন, মইনুদ্দিন সিফতি ও মুসফিক রহমানের টিম-১। প্রতিযোগিতার প্রশ্নগুলো তৈরী করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রভাষক মেহেদী মাসুদ। প্রতিযোগিতার বিচার কার্যের ব্যবহৃত সফটওয়্যারটি কলেজ কর্তৃপক্ষ নিজেরাই তৈরী করেছেন।

উৎসবের দ্বিতীয় দিন বিকালে অনুষ্ঠিত হয় আন্তঃকলেজ কুইজ প্রতিযোগিতা। প্রতিযোগিতায় ১৩টি কলেজের মোট ৪২ জন স্বতন্ত্রভাবে ৪টি পর্বে অংশগ্রহণ করে ও নক আউট পদ্ধতিতে ১৩১ পয়েন্ট পেয়ে প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে ভিকারুননেসা নুন কলেজের নাতাসা ইসরাত। দ্বিতীয় ও তৃতীয় উভয় স্থান অধিকার করে নটরডেম কলেজের সায়েখ হাসান (১১৭) ও আসিফুজ্জামান (১০৬)। প্রতিযোগিতার জন্য বিশেষ সফটওয়্যারটি তৈরি করেছেন কলেজের প্রাক্তন ছাত্র ইমরান হাসান।

উৎসবের তৃতীয় ও শেষ দিনের সকালে অনুষ্ঠিত হয় দেশের প্রথম কম্পিউটার গেমিং প্রতিযোগিতা। অভিনব এই প্রতিযোগিতায় মোট ১৩টি কলেজের ৩৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করে।

প্রিন্স অফ পারসিয়া ১ গেমের ১ম তিনটি লেভেলে গেমিং প্রতিযোগিতায় সর্বোচ্চ স্কোর করে প্রথম স্থান অর্জন করে বিএএফ শাহীন কলেজের আদনান বিন মান্নান (৯২)। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে হারমেন মেইনার কলেজের আদীব ইফতেখার সিদ্দিকী (৯০) ও নটরডেম কলেজের ফাহাদ ফয়সাল (৮৫)।

উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজীর ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুয়েটের অধ্যাপক ড. মোঃ কায়কোবাদ ও দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান এবং দৈনিক জনকণ্ঠের সহকারী সম্পাদক আবীর হাসান। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কস্তা, সিএসসি। আর পুরো উৎসবটির আয়োজনে ছিল কলেজের সায়েন্স গ্রুপ ২-এর ১০ জন নিবেদিত ছাত্র এবং কলেজের কম্পিউটার শিক্ষা অনুষদের অধ্যাপক ফরহাদ মঞ্জুর। আর উৎসবের সমস্ত প্রতিযোগিতার পুরস্কার স্পন্সর করেছে বাংলাদেশ অনলাইন লিমিটেড।

❑ মারুফ হোসেন

জানা-অজানা

কম্পিউটারের মস্তিষ্ক সিপিইউ

কম্পিউটারের সকল হার্ডওয়্যার ফাংশনগুলো যথাযথভাবে নিয়ন্ত্রণ ও সমন্বয় এবং সকল প্রোগ্রাম নির্দেশিকাগুলো পরিক্ষা করা এরপর তা ডিকোড করে যথাযথ সিগন্যাল পাঠানো সিপিইউ বা সেন্ট্রাল প্রসেসিং ইউনিটের কাজ।
এতে তিনটি অংশ রয়েছে (১) কন্ট্রোল ইউনিট (২) গাণিতিক লজিক ইউনিট (ALU) এবং (৩) মেমরি ইউনিট।

ফ্লপি ডিস্ক

অনেকটা গানের রেকর্ডের মতো দেখতে ফ্লপি ডিস্কের ভেতর। প্লাস্টিকের তৈরী চাকার মতো এ ডিস্কের উপর চৌম্বক পদার্থের বিশেষ ধরনের প্রলেপ রয়েছে। তবে নিরাপত্তার জন্য এটি ঢেকে রাখা হয় প্লাষ্টিকের আলাদা জ্যাকেট দিয়ে। সামগ্রিকভাবে একে ডিসকেট বলা হয়। চালু অবস্থায় ভেতরের ডিস্কটি অনবরত ঘুরতে থাকে। সাধারণত মিনিটে ৩০০ বার ঘুরে থাকে। সোয়া পাঁচ ইঞ্চির ডিস্ক আগে ব্যবহৃত হলেও বর্তমানে ৩.৫ ইঞ্চি ডিস্কের ব্যবহারই বেশী।

হার্ড ডিস্ক

আমরা কম্পিউটারে অনেক কিছুই কপি করি, সেভ করি। কিন্তু এ সব তথ্য বা উপাত্তগুলো কম্পিউটারের যে নির্দিষ্ট স্থানে জমা থাকে তাই হার্ড ডিস্ক ড্রাইভ বা সংক্ষেপে HDD। পিসির সিস্টেমের ভিতর এটি বসানো থাকে আর ড্রাইভটি নিয়ন্ত্রণের জন্য থাকে একটি কন্ট্রোলার কার্ড।

কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার

একটি কম্পিউটার তৈরীতে যে সকল উপাদান প্রয়োজন তা যদি স্পর্শনীয় হয় তবে তা হার্ডওয়্যার আর অদৃশ্যমান যে জিনিস এই হার্ডওয়্যারকে নির্দেশনা দেয়, পরিচালনা করে তাই সফটওয়্যার।
একটু অন্যভাবে বোঝার সুবিধার জন্য ক্যাসেটকে যদি 'হার্ডওয়্যার' ধরি তবে এর থেকে যে গান বের হয় তাই "সফটওয়্যার"।

জব সার্চ

তথ্যপ্রযুক্তি বিষয়ক চাকুরী

১. পদের নামঃ সিস্টেম ইঞ্জিনিয়ার
যোগ্যতাঃ ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স এ ডিপ্লোমা। অ্যাডব, কোয়ার্ক এক্সপ্রেস, কোরেল ড্র এবং প্রি-প্রেস মেশিনারীজসমূহে দক্ষতা আবশ্যক। যোগাযোগের শেষ তারিখঃ ১৫/০৮/২০০২, যোগাযোগের ঠিকানাঃ জিপিও বক্স নং ৩১৯, ঢাকা।
(তথ্যসূত্রঃ ২৬শে জুলাই, দৈনিক ইত্তেফাক)

২. পদের নামঃ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার
যোগ্যতাঃ সার্কিট, পিসিবি, ফল্ট মনিটর এবং পেরিফেরালস রিপেয়ারিং এ ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। যোগাযোগের শেষ তারিখঃ ১২/০৮/২০০২, যোগাযোগের ঠিকানাঃ বক্স নং ০১৮০৪০, দৈনিক ইত্তেফাক, ১ নং আর কে মিশন রোড, ঢাকা- ১২০৩।
(তথ্যসূত্রঃ ২রা আগষ্ট, দৈনিক ইত্তেফাক)।

৩। পদের নামঃ কম্পিউটার প্রোগ্রামার, যোগ্যতাঃ কম্পিউটার সায়েন্স/ অ্যাপলাইড ফিজিক্স/বিজনেজ এ্যাডমিনিষ্ট্রেশন ব্যাচেলর ডিগ্রী। অরাকল, একসেস, ভিজ্যুয়াল বেসিক, ফক্সপ্রো প্রোগ্রামিং এ পাঁচ বছরের অভিজ্ঞতা আবশ্যক। উইন্ডোজ এনটি অপারেটিং সিস্টেম। স্ট্যাটিসটিক্যাল প্যাকেজ, এসপিএসএস, এক্সেল, হার্ভার্ড গ্রাফিক্স/কোরেল ড্রতে দক্ষতা থাকতে হবে। যোগাযোগের শেষ তারিখঃ ১২/০৮/২০০২, যোগাযোগের ঠিকানাঃ পোঃ বক্স নং- ৬১০৩ জিএন, ঢাকা-১২১২।
(তথ্যসূত্রঃ ৩১শে জুলাই, দৈনিক ইত্তেফাক)।

৪. পদের নামঃ ডাটা এনালিস্ট/ কম্পিউটার এক্সপার্ট। যোগ্যতাঃ গ্রাজুয়েট। এম এস অফিস, ওয়ার্ড পারফেক্ট, হার্ভার্ড গ্রাফিক্স, এসপিএসএস, ওয়েব পেজ ডেভলপমেন্ট, ট্যাবলশুটিং এবং ডাটাবেজ ম্যানেজমেন্ট প্যাকেজসমূহে দক্ষতাসহ ন্যূনতম তিন বছরের বাস্তব অভিজ্ঞতা প্রয়োজন। যোগাযোগের শেষ তারিখঃ ১৫/০৮/২০০২ ইং, যোগাযোগের ঠিকানাঃ পোষ্ট বক্স নং ৬০৫৭, গুলশান, ঢাকা।
(তথ্যসূত্রঃ ২রা আগষ্ট, দৈনিক ইত্তেফাক)

৫. পদের নামঃ গ্রাফিক্স অপারেটর, যোগ্যতাঃ গ্রাজুয়েট, অ্যাডব ফটোশপ, ইলাস্ট্রেটর, ডেস্কটপ পাবলিসিং-এ তিন বছরের অভিজ্ঞতা আবশ্যক। যোগাযোগের ঠিকানাঃ হাউজ নং-১২, রোড নং-১৯, উত্তরা মডেল টাউন, ঢাকা। ফোনঃ ৮৯১৬১৫৯।
(তথ্যসূত্রঃ ২রা আগষ্ট, দৈনিক ইত্তেফাক)